সমকাল

তারিখ ... 19 JAN 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# সাভারে শিক্ষককে জিম্মি করে মুক্তিপণ দাবি

## ৩ দিন পর উদ্ধার

■ **নিজস্ব প্রতিবেদক,** *সাভার*

অপহরণের তিন দিন পর সাভারে রফিকুল ইসলাম নামে এক মাদ্রাসা শিক্ষককে উদ্ধার করা হয়েছে। গত রোববার তাকে সাভার পৌর এলাকার সবুজবাগের একটি ছয়তলা বাড়ির কক্ষ থেকে উদ্ধার করে পুলিশ।

পুলিশ জানায়, গত শুক্রবার রাজবাড়ী জেলার কালুখালী থানার বালিনগর এলাকার বাংলাদেশ হার্ড মাদ্রাসার শিক্ষক রফিকুল ইসলাম রাজধানীর গাবতলী এলাকায় বেড়াতে আসেন। পরে তার সঙ্গে রাজবাড়ী জেলার একই গ্রামের কথিত মামা জিহাদ ও শফিকুলের দেখা হয়। এ সময় ওই শিক্ষককে কথিত দুই মামা সাভারে বেড়াতে নিয়ে আসেন। তারা তাকে সাভারে এনে রুটির সঙ্গে নেশা জাতীয় দ্রব্য খাইয়ে অজ্ঞান করে সাভার পৌর এলাকার সবুজবাগের একটি কক্ষে আটকে রাখে। পরে অপহরণকারীরা তার পরিবারের কাছে দশ লাখ টাকা মুক্তিপণ দাবি করে। শনিবার অপহরণকারীরা ওই কক্ষে তালা মেরে চলে যায়। পরে রোববার সন্ধ্যায় ওই শিক্ষক মুখের বাঁধন খুলে 'বাঁচাও বাঁচাও' বলে চিৎকার করলে স্থানীয়রা এসে তাকে উদ্ধার করে।